শিক্ষা উপদেষ্টার দায়িত্ব ছাড়ার দিন সুখবর দিলেন ওয়াহিদউদ্দিন

# বেসরকারি শিক্ষকদের বাড়িভাড়া ও ভাতা বাড়ছে

**স্টাফ রিপোর্টার**

প্রকাশিত: ২৩:২৮, ৫ মার্চ ২০২৫



সুখবর দিলেন ওয়াহিদউদ্দিন

কারিকুলাম ও পাঠ্যবই বিতর্ক, শিক্ষক ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের দাবি দাওয়া। ক্ষণে ক্ষণে ক্যাম্পাস পরিস্থিতির পরিবর্তন। শিক্ষায় দীর্ঘ সময় ধরেই রয়েছে শত সমস্যা। চাকরি জীবন শেষেও ঠিকমতো শিক্ষকরা পেনশন পান না। আবার অনেক শিক্ষকের বেতন আর ভাতায় রয়েছে আকাশচুম্বী বৈষম্য। অন্তর্বর্তীকালীন সরকারের শিক্ষা উপদেষ্টার কাছে শিক্ষক সমাজের ব্যাপক প্রত্যাশা।

কিন্তু যুগের পর যুগ চলা দেশের শিক্ষা ব্যবস্থায় জঞ্জাল সরছে না। এরমধ্যেই বিদায় নিলেন শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ। বর্তমান সরকারের শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন এই অধ্যাপক। তবে বুধবার শিক্ষা উপদেষ্টা পদে নতুন করে দায়িত্ব পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ও মানবাধিকার কর্মী চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার)। এখন ওয়াহিদউদ্দিন মাহমুদ শুধু পরিকল্পনা উপদেষ্টার দায়িত্ব পালন করবেন।

শিক্ষা উপদেষ্টার দায়িত্ব ছাড়ার দিনে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য সুখবর দিয়েছেন উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। তিনি জানিয়েছেন, শিক্ষক-কর্মচারীদের উৎসব ভাতা, বাড়িভাড়া, চিকিৎসা ভাতা এবং বিনোদন ভাতা বাড়ানো হচ্ছে। আগামী ঈদুল আজহা থেকে এই সুবিধা কার্যকর হবে। ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, এ বছরের ঈদুল আজহা থেকে শুরু করে আগামীবছরের বাজেট থেকে অন্তত কিছু বাড়াতে পারব। এখানে আমি ঘোষণা দিচ্ছি না কত বাড়াব। আমি জানি এ বছর বাজেটের মধ্যে সেটুকু এবং আগামীবছরের বাজেটের মধ্যে সেটির বিধান রাখা হচ্ছে।

বুধবার বেলা ১১টার দিকে বঙ্গভবনে সি আর আবরারকে শপথ পড়ান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এরপর সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে আসেন সি আর আবরার। এ সময় সদ্য সাবেক শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ উপস্থিত ছিলেন। দু'জনকেই শিক্ষা মন্ত্রণালয় ও সংস্থাগুলোর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়। সেখানেই শিক্ষার বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।

বেসরকারি শিক্ষকদের বিষয়ে বলতে গিয়ে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, ১৫ থেকে ২০ বছরের বঞ্চনা ১-২ বছরের বাজেট দিয়ে মেটানো যায় না। এটা বুঝানো খুব কঠিন। আজকেই সরকারি বেতনের সমান করে দিতে হবে-এটা ন্যায্য দাবি বুঝলাম, কিন্তু এক বছরের বাজেট দিয়ে কী করে ১৫ বছরের বৈষম্য ঠিক করা যায় ? কিন্তু শুরুটা করা দরকার। সেই শুরুটা তারা করে দিয়ে যাচ্ছেন।

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের অবসর এবং কল্যাণ ভাতার জন্য একটি তহবিলের কিছুটা এ বছরই তৈরি করা হচ্ছে বলে জানান পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ। তিনি বলেন, এ বছরই কিছুটা তৈরি করা হয়েছে। আগামী বাজেটে আরও রাখা হবে। তবে পুরো তহবিলটি টেকসই করতে হলে ১-২ বাজেটে হবে না, ৩-৪ বাজেটে আশাকরি ভবিষ্যতে এটির সমাধান হয়ে যাবে।

---